



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট।  
www.mch.portal.gov.bd

### গণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানিকারক লে. কর্ণেল এনায়েত করিম, বর্ডারগার্ড ট্রেনিং সেন্টার এন্ড স্কুল, সাতকানিয়া, চট্টগ্রাম জার্মানী হতে পার্সেল নং-KA-59A, তাং-১১/০১/২০০১ খ্রিঃ GR No-51/07 তাং-১১/০১/২০০১ খ্রিঃ, ব্রান্ড Winchester, মডেল নং-১৩০০, সিরিয়াল নং- ৩৪১৩৮৪৪ (Made in USA) এর মাধ্যমে একটি শটগান বৈদেশিক ডাকঘর খুলনার মাধ্যমে আমদানি করেন। শটগানটি খালাস গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট দলিলপত্র সরবরাহের অনুরোধ জানিয়ে এ দপ্তর থেকে একাধিকবার পত্র প্রেরণ করা হয়। কিন্তু আমদানিকারক সংশ্লিষ্ট দলিলাদি দাখিল করেননি। গত ০২/০৫/২০১২ খ্রিঃ তারিখে আমদানিকারক আমদানিকৃত শটগানটির অনুকূলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ছাড়পত্র প্রদান না করায় তা রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেন। আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর পরিশিষ্ট-১ এর (ক) অংশ নিয়ন্ত্রিত পণ্যের তালিকার ক্রমিক নং ৯ এবং The Customs Act, 1969 এর Section 17 & Section 156(1) এর Table এর Clause 9 (i) মোতাবেক রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হয়। নিলামের স্থায়ী আদেশ নং- ৪১/২০২২ এর অনুচ্ছেদ ৭ এর (ঙ) অনুযায়ী শটগানটি প্রতিরক্ষা বাহিনী বা আইন প্রয়োগকারী সংস্থার নিকট হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এক্ষেত্রে, পরবর্তীতে এতদবিষয়ে কোন দাবী-দাওয়া গ্রহণযোগ্য হবে না।

স্বাঃ

এ কে এম খায়রুল বাসার  
ডেপুটি কমিশনার অব কাস্টমস  
কমিশনার অব কাস্টমস এর পক্ষে-  
e-mail: monglacustoms@gmail.com

নথি নং- এস/১১/কাষ্টো/বিবিধ/মংলা/১৩/১৪২৬ (২)

তারিখঃ 28 FEB 2023

#### অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে

- ০১। দ্বিতীয় সচিব (কাস্টমস গোয়েন্দা ও নিলাম), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাও, ঢাকা।
- ০২। আমদানিকারক লে. কর্ণেল এনায়েত করিম, বর্ডারগার্ড ট্রেনিং সেন্টার এন্ড স্কুল, সাতকানিয়া, চট্টগ্রাম।
- ০৩। সহকারী প্রোগ্রামার, মোংলা কাস্টম হাউস, মোংলা (বিজ্ঞপ্তিটি এ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। নোটিশ বোর্ড, মোংলা কাস্টম হাউস, মোংলা।
- ০৫। নোটিশ বোর্ড, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা।
- ০৬। নোটিশ বোর্ড, মোংলা কাস্টম হাউস, খালিশপুর, খুলনা।
- ০৭। পিএ টু কমিশনার, মোংলা কাস্টম হাউস, মোংলা।
- ০৮। অফিস কপি।

এ কে এম খায়রুল বাসার  
ডেপুটি কমিশনার